

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১০৯৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৪১]

৫। মাসজিদ ও সালাতের স্থানসমূহ (১যান এলান্ডন ও সালাতের স্থানসমূহ

পরিচ্ছেদঃ ৮. সালাতে শয়তানকে ল'নাত করা, শয়তান হতে আশ্রয় প্রার্থনা করা এবং 'আমলে ক্বালীল' (সামান্য কাজ) করা বৈধ

باب جَوَازِ لَعْنِ الشَّيْطَانِ فِي أَثْنَاءِ الصَّلاَةِ وَالتَّعَوُّذِ مِنْهُ وَجَوَازِ الْعَمَلِ الْقَلِيلِ فِي الصَّلاَةِ

আরবী

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ، وَإِسْحَاقُ بْنُ مَنْصُورٍ، قَالاَ أَخْبَرَنَا النَّضْرُ بْنُ شُمَيْلٍ، أَخْبَرَنَا وَسُولُ اللَّهِ شُعْبَةُ، حَدَّثَنَا مُحَمَّدٌ، _ وَهُوَ ابْنُ زِيَادٍ _ قَالَ سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ، يَقُولُ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنَّ عِفْرِيتًا مِنَ الْجِنِّ جَعَلَ يَفْتِكُ عَلَىَّ الْبَارِحَةَ لِيَقْطَعَ عَلَىَّ صلى الله عليه وسلم " إِنَّ عِفْرِيتًا مِنَ الْجِنِّ جَعَلَ يَفْتِكُ عَلَىَّ الْبَارِحَةَ لِيَقْطَعَ عَلَىَّ الصَّلاَةَ وَإِنَّ اللَّهَ أَمْكَنَنِي مِنْهُ فَذَعَتُهُ فَلَقَدْ هَمَمْتُ أَنْ أَرْبِطَهُ إِلَى جَنْبِ سَارِيَةٍ مِنْ سَوَارِي الْمَسْجِدِ حَتَّى تُصبْبِحُوا تَنْظُرُونَ إِلَيْهِ أَجْمَعُونَ _ أَوْ كُلُّكُمْ _ ثُمَّ ذَكَرْتُ قَوْلَ أَخِي الْمَسْجِدِ حَتَّى تُصبْبِحُوا تَنْظُرُونَ إِلَيْهِ أَجْمَعُونَ _ أَوْ كُلُّكُمْ _ ثُمَّ ذَكَرْتُ قَوْلَ أَخِي الْمَسْجِدِ حَتَّى تُصبْبِحُوا تَنْظُرُونَ إِلَيْهِ أَجْمَعُونَ _ أَوْ كُلُّكُمْ _ ثُمَّ ذَكَرْتُ قَوْلَ أَخِي الْمَسْجِدِ حَتَّى تُصبْبِحُوا تَنْظُرُونَ إِلَيْهِ أَجْمَعُونَ _ أَوْ كُلُّكُمْ _ ثُمَّ ذَكَرْتُ قَوْلَ أَخِي اللّهُ فَالَيْمَانَ رَبِّ اغْفِرْ لِي وَهَبْ لِي مُلْكًا لاَ يَنْبَغِي لأَحَدٍ مِنْ بَعْدِي . فَرَدَّهُ اللَّهُ خَاسِبًا " . وَقَالَ ابْنُ مَنْصُورٍ شُعْبَةُ عَنْ مُحَمَّدِ بْنِ زِيَادٍ .

বাংলা

১০৯৬-(৩৯/৫৪১) ইসহাক ইবনু ইবরাহীম ও ইসহাক ইবনু মানসূর (রহঃ) আবূ হ্রায়রাহ (রায়ঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ গত রাতে এক দুষ্ট জিন আমার সালাত নষ্ট করার জন্য আমার ওপর আক্রমণ করতে শুরু করল। তবে আল্লাহ তা'আলা আমাকে তাকে কাবু করার শক্তি দান করলেন। আমি তাকে গলা টিপে ধরেছিলাম। আমার ইচ্ছা হলো তাকে মসজিদের একটি খুঁটির সাথে বেঁধে রাখি যাতে সকাল বেলা তোমরা সবাই তাকে দেখতে পাও। কিন্তু তখনই আমার স্মরণ হলে আমার ভাই নবী সুলায়মানের দুয়া'র কথা তিনি (আঃ) দুয়া করেছিলেন সুরুহু খুঁতু ইব্ তুর্ম আমাকে এমন রাজত্ব দান করে যা আমার পরে আর কারো জন্য যেন না হয়"- (সূরাহ সোয়াদ ৩৮ঃ ৩৫)। (অর্থাৎ- জিন, বাতাস ও পশু-পাখির ওপর রাজত্ব করার ক্ষমতা। তাই আমি তাকে বেঁধে রাখা থেকে বিরত থাকলাম।) অতঃপর আল্লাহ তা'আলা জিনটিকে (আমার হাতে) লাঞ্ছিত করে তাড়িয়ে দিলেন। ইবনু মানসূর, শু'বাহ, মুহাম্মাদ ইবনু যিয়াদ থেকে হাদীসটি বর্ণনা করেছেন। (ইসলামী ফাউন্ডেশন ১০৯০, ইসলামীক সেন্টার ১০৯৮)



English

Abu Huraira reported that he heard the Messenger of Allah () saying:

A highly wicked one amongst the Jinn escaped yesternight to interrupt my prayer, but Allah gave me power over him, so I seized him and intended to tie him to one of the pillars of the mosque in order that you, all together or all, might look at him, but I remembered the supplication of my brother Sulaiman: My Lord, forgive me, give me such a kingdom as will not be possible for anyone after me" (Qur'an, xxxvii. 35).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

